রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিকল্পনা মন্ত্রণালয়**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/১৬ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ১২৫-আইন/২০১৯।—পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নং আইন) এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত ব্যুরোর যে কোনো কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ তফসিল-১ এ সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(চ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;



মূল্য : টাকা ৩০.০০

(ছ) **"সিজিপিএ" অর্থ** Cumulative Grade Point Average (CGPA); এবং

(জ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করিতে পারিবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি না উক্ত পদে তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে।

(৩) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে; তবে ২০ তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) পরিচ্ছন্নতা কর্মী পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে; তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীগণের মধ্য হইতে পূরণ করা যাইবে।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৬) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তদ্‌কর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৭) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরী কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৮) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকুরীকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে; জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ বেতন গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ বেতন গ্রেডের কোনো পদে এবং ১০—১২ বেতন গ্রেডের কোনো পদ হইতে ৯ম গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে; পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন এবং এই স্থায়ীকরণ তাহার চাকুরীতে যোগদানের তারিখ হইতে কার্যকর হইবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ কোনো প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ না করিলে শিক্ষানবিশের ক্ষেত্রে এই বিধান কার্যকর হইবে না :

আরো শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সে সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১(এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকুরী স্থায়ী হইবে।

৭। **অন্যান্য আইন, বিধি, প্রবিধান, ইত্যাদির প্রয়োগ।**—এই বিধিমালায় উল্লেখ করা হয় নাই এমন সব বিষয়ে তফসিল-১ এ উল্লিখিত কোনো পদে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারীর ক্ষেত্রে সরকারের অন্যান্য কর্মচারীদের জন্য প্রযোজ্য আইন, বিধি, প্রবিধান, আদেশ বা নির্দেশ প্রযোজ্য হইবে।

৮। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিল ২ এবং ৩ এ নির্ধারিত ব্যবহারিক পরীক্ষার সিলেবাস প্রস্তুত এবং নম্বর নির্ধারণপূর্বক পরীক্ষা গ্রহণ করিতে পারিবে, তবে ব্যবহারিক পরীক্ষার প্রয়োজনীয়তা না থাকিলে ব্যবহারিক পরীক্ষার নম্বর মৌখিক পরীক্ষার নম্বরের সহিত যোগ করিয়া নিয়োগ পরীক্ষা গ্রহণ করিতে পারিবে।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Gazetted Officers (Statistics Division) Recruiment Rules, 1978 এবং Non-Gazetted Employees (Statistics Division) Recruitment Rules, 1979, অতঃপর উক্ত রহিত বিধিমালাসমূহ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত রহিত বিধিমালাসমূহের অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত সকল কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত রহিত বিধিমালাসমূহের অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা উক্ত রহিত বিধিমালাসমূহের অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালাসমূহ রহিত করা হয়নি।

## তফসিল-১

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | যুগ্ম-পরিচালক পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরীসহ অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২। | সিনিয়র সিস্টেম এনালিস্ট | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী। | | |
| ৩। | সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল-১ এর ক্রমিক নম্বর ০৬. এ উল্লিখিত "সিনিয়র রক্ষণাবেক্ষণ প্রকৌশলী" পদের নিয়োগের জন্য নির্ধারিত বিধানাবলি অনুযায়ী। | | |
| ৪। | যুগ্ম-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | উপ-পরিচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরীসহ অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৫। | সিস্টেম এনালিস্ট | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী। | | |
| ৬। | সিনিয়র প্রোগ্রামার | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী। | | |
| ৭। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | পরিসংখ্যান কর্মকর্তা বা প্রকাশনা অফিসার বা কার্টোগ্রাফার পদে অন্যূন ৫(পঁচ) বৎসরের চাকুরী। |
| ৮। | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল-১ এর ক্রমিক নম্বর ১৩. এ উল্লিখিত "রক্ষণাবেক্ষণ প্রকৌশলী" পদের নিয়োগের জন্য নির্ধারিত বিধানাবলি অনুযায়ী। | | |
| ৯। | প্রোগ্রামার | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০। | পরিসংখ্যান কর্মকর্মতা | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের— (ক) ৪০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৬০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** সহকারী পরিসংখ্যান কর্মকর্তা বা উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যানসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক এবং পরিসংখ্যান, ডেমোগ্রাফী, ভূগোল, অর্থনীতি, গণিত, সমাজবিদ্যা, সমাজকল্যাণ, সমাজতত্ত্ব, সমাজকর্ম বা বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; অথবা (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যানসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) এবং পরিসংখ্যান, ডেমোগ্রাফী, ভূগোল, অর্থনীতি, গণিত, সমাজবিদ্যা, সমাজকল্যাণ, সমাজতত্ত্ব, সমাজকর্ম বা বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; অথবা (গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, ডেমোগ্রাফী, ভূগোল, অর্থনীতি, গণিত, সমাজবিদ্যা, সমাজকল্যাণ, সমাজতত্ত্ব, সমাজকর্ম বা বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | সহকারী প্রোগ্রামার | “সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯” অনুযায়ী। | | |
| ১২। | গ্রাফিক রিপ্রডাকশন অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>সহকারী গ্রাফিক রিপ্রডাকশন অফিসার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক এবং প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৩। | প্রকাশনা অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>সহকারী প্রকাশনা অফিসার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | কার্টোগ্রাফার | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের—<br>(ক) ৬০% পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী কার্টোগ্রাফার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে অন্যূন—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৫। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিল-১ এর ক্রমিক নম্বর ১৬, এ উল্লিখিত "সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী" পদের নিয়োগের জন্য নির্ধারিত বিধানাবলি অনুযায়ী। | | |
| ১৬। | সহকারী পরিসংখ্যান কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের—<br>(ক) ৮০% পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>পরিসংখ্যান তদন্তকারী বা থানা পরিসংখ্যানবিদ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পর্যায়ে পরিসংখ্যান বা অর্থনীতিসহ পরিসংখ্যান বা ডেমোগ্রাফী বা ভূগোল বা অর্থনীতি বা গণিত বা বাণিজ্য বা সমাজবিদ্যা বা সমাজকল্যাণ বা সমাজতত্ত্ব বা সমাজকর্ম বিষয়ে অন্যূন—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৭। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | কলাম ২ এ উল্লিখিত "উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ১৮। | লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে অন্যূন—<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ১ (এক) বৎসর মেয়াদী ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ। |
| ১৯। | সহকারী গ্রাফিক রিপ্রডাকশন অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের—<br>(ক) ৮০% পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>কম্পোজিটর বা টেকনিক্যাল অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে অন্যূন—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২০। | টেকনিক্যাল অপারেটর (উচ্চ স্কেল) | কলাম-২ এ উল্লিখিত "টেকনিক্যাল অপারেটর (উচ্চ স্কেল)" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ২১। | সহকারী প্রকাশনা অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>প্রুফ রিডার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ২২। | সহকারী কার্টোগ্রাফার | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের -<br>(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>সিনিয়র নক্সাবিদ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে অন্যূন—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৩। | প্রশাসনিক কর্মকর্তা | - | মোট পদের শতকরা ৫০ ভাগ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর/ প্রধান সহকারী পদ হইতে এবং মোট পদের শতকরা ৫০ ভাগ হিসাবরক্ষক/ ক্যাশিয়ার/ ক্যাশিয়ার কাম ইউডিএ/ স্টোর কিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা প্রধান সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসর বা হিসাবরক্ষক বা ক্যাশিয়ার বা ক্যাশিয়ার-কাম ইউডিএ বা স্টোরকিপার পদে অন্যূন ৯ (নয়) বৎসরের চাকুরি। |
| ২৪। | সহকারী লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে অন্যূন-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ১ (এক) বৎসর মেয়াদী ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ। |
| ২৫। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯"অনুযায়ী। | | |
| ২৬। | সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯"অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৭। | কম্পিউটার অপারেটর | “সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯”অনুযায়ী। | | |
| ২৮। | সিনিয়র নক্সাবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের - (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** নক্সাবিদ পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯। | পরিসংখ্যান তদন্তকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের - (ক) ৮০% পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** পরিসংখ্যান সহকারী বা জুনিয়র পরিসংখ্যান সহকারী বা ইনুমারেটর বা এডিটিং অ্যান্ড কোডিং এ্যাসিস্ট্যান্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩০। | থানা পরিসংখ্যানবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের- ৮০% পদোন্নতির মাধ্যমে : তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** পরিসংখ্যান সহকারী বা জুনিয়র পরিসংখ্যান সহকারী বা ইনুমারেটর বা এডিটিং অ্যান্ড কোডিং এ্যাসিস্ট্যান্ট পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিত বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | পরিসংখ্যান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২। | জুনিয়র পরিসংখ্যান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী। |
| ৩৪। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন; এবং<br>(গ) তফসিল-২(ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৫। | নক্সাবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৪০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৬০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে</u> :**<br>জুনিয়র নক্সাবিদ পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞানসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | ইনুমারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭। | গ্রাফিক লে-আউট ডিজাইনার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে</u> :**<br>লে-আউট ডিজাইনার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরী।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | এডিটিং অ্যান্ড কোডিং অ্যাসিসটেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৯। | টেকনিক্যাল অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৬০% পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>জুনিয়র অপরেটর পদে অন্যূন ৩(তিন) বৎসর বা বুক বাইন্ডার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত গ্রাফিক আর্টস ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ;<br>(গ) আধুনিক মুদ্রণ মেশিন পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অন্যূন ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৭৫% পদোন্নতির মাধ্যমে;<br>তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ২৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি বা কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪১। | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ; এবং (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪২। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ; এবং (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩। | ক্যাশিয়ার কাম ইউডিএ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ; এবং (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৪। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর কোর্সে উত্তীর্ণ; এবং (গ) তফসিল-২(ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৫। | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের—<br>(ক) ২০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধমে;<br>(খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী স্টোর কিপার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৬। | কম্পোজিটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | জুনিয়র নক্সাবিদ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হইতে ড্রাফ্টসম্যানশিপে ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮। | ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসর মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ;<br>(গ) সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৯। | প্রুফ রিডার | কলাম ২ এ উল্লিখিত “প্রুফ রিডার” পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫০। | কোল্ড কম্পোজার | কলাম ২ এ উল্লিখিত " কোল্ড কম্পোজার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৫১। | ফটোগ্রাফার | কলাম ২ এ উল্লিখিত "ফটোগ্রাফার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৫২। | লে-আউট ডিজাইনার | কলাম ২ এ উল্লিখিত "লে-আউট ডিজাইনার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৫৩। | প্লেট মেকার | কলাম ২ এ উল্লিখিত "প্লেট মেকার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৫৪। | মনোটাইপ কি বোর্ড অপারেটর | কলাম ২ এ উল্লিখিত "মনোটাইপ কি বোর্ড অপারেটর" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৫৫। | সহকারী ফটোগ্রাফার | কলাম ২ এ উল্লিখিত "সহকারী ফটোগ্রাফার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৫৬। | জুনিয়র অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের—<br>(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধমে;<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>মেশিনম্যান বা মেশিনম্যান কাম ক্লিনার বা ডার্করুম সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) আধুনিক প্রিন্টিং মেশিন পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৭। | স্টিপার কাম রিটাচার | কলাম ২ এ উল্লিখিত "স্টিপার কাম রিটাচার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৮। | গাড়িচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা বা ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৯। | ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর | "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী। | | |
| ৬০। | ডুয়েল ডাটা অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২(ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১। | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসর মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| ৬২। | কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৩০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাশ সরকার পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিট বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ;<br>**সরাসরি নিয়োগে ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন; এবং<br>(গ) তফসিল-২ (ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের— (ক) ৩০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** (ক) ক্যাশ সরকার পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক পদে ৭ (সাত) বৎসরের চাকুরী; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিট বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি পরীক্ষায় উত্তীর্ণ; **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন; এবং (গ) তফসিল-২ (ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৪। | সহকারী প্লেট মেকার | কলাম ২ এ উল্লিখিত "সহকারী প্লেট মেকার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৬৫। | মনোটাইপ কাস্টার | কলাম ২ এ উল্লিখিত "মনোটাইপ কাস্টার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৬৬। | প্লেট গ্রেইনার | কলাম ২ এ উল্লিখিত "প্লেট গ্রেইনার" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৬৭। | ডার্করুম সহকারী | কলাম ২ এ উল্লিখিত "ডার্করুম সহকারী" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৬৮। | বুক বাইন্ডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের ২০% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** প্যাকার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) পাবলিকেশন এবং স্টেশনারি বাঁধাই কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৯। | মেশিনম্যান কাম ক্লিনার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রিন্টিং প্রেসে মেশিনম্যান সহকারী হিসাবে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭০। | সহকারী স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭১। | প্যাকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্যাকিং কাজে অন্যূন ২(দুই) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭২। | মেশিনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রিন্টিং প্রেসে মেশিনম্যান সহকারী হিসাবে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৩। | প্রুফ ম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রুফ দেখা ও কম্পোজ কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭৪। | ক্যাশ সরকার | - | পদোন্নতির মাধ্যমে | আউটসোর্সিং ব্যতীত স্থায়ী রাজস্ব পদে নিয়োগকৃত অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী। |
| ৭৫। | ফটোকপি অপারেটর | কলাম ২ এ উল্লিখিত "ফটোকপি অপারেটর" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৭৬। | বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রন্ধন কাজে দক্ষতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৭। | চেইনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৮। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৭৯। | নিরাপত্তা প্রহরী | কলাম ২ এ উল্লিখিত "নিরাপত্তা প্রহরী" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে সংশ্লিষ্ট পদ বিলুপ্ত হইবে। | | |
| ৮০। | পরিচ্ছন্নতা কর্মী | কলাম ২ এ উল্লিখিত "পরিচ্ছন্নতা কর্মী" পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পদোন্নতি, অবসর, পদত্যাগ বা মৃত্যুজনিত কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক ০১-০১-২০১৯ইং তারিখে ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১২-০১ স্মারকমূলে জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়া সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৮১। | লোডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সুঠাম দেহের অধিকারী হইতে হইবে; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৮২। | ড্রাইভার | অর্থ বিভাগ কর্তৃক ০১-০১-২০১৯ ইং তারিখে ০৭.১৫৩.০২৯.০৭.০০. ০১.২০১২-০১ স্মারকমূলে জারিকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৮৩। | অফিস সহায়ক | অর্থ বিভাগ কর্তৃক ০১-০১-২০১৯ ইং তারিখে ০৭.১৫৩.০২৯.০৭.০০. ০১.২০১২-০১ স্মারকমূলে জারিকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৮৪। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক ০১-০১-২০১৯ ইং তারিখে ০৭.১৫৩.০২৯.০৭.০০. ০১.২০১২-০১ স্মারকমূলে জারিকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৮৫। | চেইনম্যান | অর্থ বিভাগ কর্তৃক ০১-০১-২০১৯ ইং তারিখে ০৭.১৫৩.০২৯.০৭.০০. ০১.২০১২-০১ স্মারকমূলে জারিকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |

## তফসিল-২

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

তফসিল-১ এর ক্রমিক নং-২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৫৬, ৬৮, ৬৯,৭০, ৭১, ৭২, ৭৩, এ উল্লিখিত পদে সরাসির নিয়োগের জন্য লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি:

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা | বাংলা | ২০ | ৮০ | ৫০% | ৯০ মিনিট |
| | | ইংরেজী | ২০ | | | |
| | | গণিত | ২০ | | | |
| | | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| ২। | মৌখিক পরীক্ষা | | | ১০ | | |
| ৩। | ব্যবহারিক পরীক্ষা | | | ১০ | | |
| | | | সর্বমোট নম্বর : | ১০০ | | |

ব্যাখ্যা: লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

### তফসিল-২(ক)

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

তফসিল-১ এর ক্রমিক নং-৩৪, ৪৪, ৬০, ৬২, ৬৩ এ উল্লিখিত পদে সরাসির নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের লিখিত এবং মৌখিক পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th colspan="2">পরীক্ষা ও বিষয়ের নাম</th><th>বিষয়ভিত্তিক নম্বর</th><th>মোট নম্বর</th><th>লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর</th><th>লিখিত পরীক্ষার সময়</th></tr>
<tr><td rowspan="4">১।</td><td rowspan="4">লিখিত পরীক্ষা</td><td>বাংলা</td><td>২৫</td><td rowspan="4">৯০</td><td rowspan="4">৫০%</td><td rowspan="6">৯০ মিনিট</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>২৫</td></tr>
<tr><td>গণিত</td><td>২০</td></tr>
<tr><td>সাধারণ জ্ঞান</td><td>২০</td></tr>
<tr><td>২।</td><td colspan="3">মৌখিক পরীক্ষা</td><td colspan="2">১০</td></tr>
<tr><td></td><td colspan="3">সর্বমোট নম্বর :</td><td colspan="2">১০০</td></tr>
</table>

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষা এবং তফসিল-৪ এ বর্ণিত সাঁটলিপি/কম্পিউটার মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

### তফসিল-৩

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

তফসিল-১ এর ক্রমিক নং-৮২ এ উল্লিখিত পদে সরাসির নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th colspan="2">পরীক্ষা ও বিষয়ের নাম</th><th>বিষয়ভিত্তিক নম্বর</th><th>মোট নম্বর</th><th>লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর</th><th>লিখিত পরীক্ষার সময়</th></tr>
<tr><td rowspan="3">১।</td><td rowspan="3">লিখিত পরীক্ষা</td><td>বাংলা</td><td>১০</td><td rowspan="3">৩০</td><td rowspan="3">৫০%</td><td rowspan="6">৬০ মিনিট</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>১০</td></tr>
<tr><td>গণিত/পদ সংশ্লিষ্ট বিষয়</td><td>১০</td></tr>
<tr><td>২।</td><td colspan="3">মৌখিক পরীক্ষা</td><td colspan="2">১০</td></tr>
<tr><td>৩।</td><td colspan="3">ব্যবহারিক পরীক্ষা</td><td colspan="2">১০</td></tr>
<tr><td></td><td colspan="3">সর্বমোট নম্বর :</td><td colspan="2">৫০</td></tr>
</table>

**ব্যাখ্যা:** লিখিত পরীক্ষা এবং বিআরটিএ কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তফসিল-৪
[ বিধি ২ (খ) দ্রষ্টব্য ]

তফসিল-১ এর ক্রমিক নং-৩৪, ৪৪, ৬০, ৬২, ৬৩ এ উল্লিখিত পদে সরাসরি নিয়োগের জন্য সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি :

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| **সাঁটলিপি** | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| **কম্পিউটার মুদ্রাক্ষর** | | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| ডুয়েল ডাটা অপারেটর | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা:

১। সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

৩। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

৪। সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৫**

**[ বিধি ২ (খ) দ্রষ্টব্য ]**

তফসিল-১ এর ক্রমিক নং-৭৬, ৭৭, ৭৮, ৮১ এ উল্লিখিত পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত এবং মৌখিক পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা | বাংলা | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| | | ইংরেজী | ১০ | | | |
| | | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | | | |
| ২। | মৌখিক পরীক্ষা | | | ১০ | | |
| | সর্বমোট নম্বর | | | ৫০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd